গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪৪১, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ই-মেইল- dgdncbd@gmail.com, Website : www.dnc.gov.bd

নম্বরঃ ৪৪.০৪.০০০০.০০৬.১৯.০০১.১৩- ১২১৭

তারিখ: ২৮ চৈত্র, ১৪২২।
১১ এপ্রিল, ২০১৬।

অপর পাতায় বর্ণিত পত্রের অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

১১/০৪/১৬
(মোঃ মেহেদী হাসান)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন ঃ ০১৬৭৫-৫১৪৫০১।

বিতরণ:

১. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেন্ডারিয়া, ঢাকা ।
৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ সিলেট/ বরিশাল/গোয়েন্দা শাখা, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা ।
৬. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় / জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,----------।
৭. তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, আঞ্চলিক মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী । মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য ।
৯. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী । অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য ।
১০. অফিস কপি/গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

যুগ্ম-সচিব (আইন ও পরি / নিরা ও বহি/প্রশাসন)	
স্বাক্ষর:	তারিখ:

নম্বর-০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫-২৬৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২২ / ০৬ মার্চ ২০১৬

বিষয়: **সরকারি চাকরিজীবী স্ত্রী/স্বামীর একই কিংবা নিকটবর্তী কর্মস্থলে পদায়ন/বদলি সংক্রান্ত।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০৭৩.০২৭.২৫.০০.০০২.২০১৪(অংশ)-২২৪ তারিখ: ১৯.৮.২০১৫

মহাপরিচালকের কার্যালয়	
অতিরিক্ত মহাপরিচালক	
পরিচালক (প্রশাসন)	
পরিচালক (অপারেশনস্)	
পরিচালক (নিরোধ শিক্ষা)	
পরিচালক (চিকিৎসা পুনর্বাসন)	
সহকারী পরিচালক (বোর্ড)	

মাঠ পর্যায়ে সরকারি কর্মকর্তাদের সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিভিন্ন সময়ে নির্দেশনা জারি করা হয়েছে। সরকারি দায়িত্ব যথাযথভাবে পালনের স্বার্থে মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ, বিশেষত জেলা প্রশাসকগণের সপরিবার কর্মস্থলে অবস্থানের আবশ্যকতা রয়েছে। তা সত্ত্বেও অনেক জেলা প্রশাসক সপরিবার কর্মস্থলে অবস্থান করেন না। বিষয়টি পরীক্ষা করে দেখা গেছে যে, স্ত্রী/স্বামী সরকারি চাকরিজীবী হলে এবং ঢাকায় কর্মরত থাকলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের পক্ষে সপরিবার কর্মস্থলে বসবাস করা সম্ভব হয় না। এ ছাড়াও বিভিন্ন বাস্তব কারণে কোন কোন কর্মকর্তা জেলা প্রশাসক হিসাবে নিয়োগ পেতে আগ্রহী হন না।

০২। জেলা প্রশাসকগণ সপরিবার কর্মস্থলে বসবাস করলে তাঁদের পক্ষে দায়িত্ব পালনে সম্পূর্ণ মনোনিবেশ এবং জনগণকে অধিকতর সেবা প্রদান সম্ভব। তা ছাড়া, তাঁদের সন্তান সংশ্লিষ্ট জেলার শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করলে অভিভাবক হিসাবে তাঁরা জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নতি তথা শিক্ষার মানোন্নয়নে অধিকতর সক্রিয় ভূমিকা রাখতে আগ্রহী হন। অধিকন্তু, জেলা প্রশাসক-পত্নী সংশ্লিষ্ট জেলায় বসবাস করলে তিনি জেলার শিক্ষা, খেলাধুলা এবং সামাজিক-সাংস্কৃতিক উন্নয়নে নারীর ভূমিকা জোরদার করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করতে পারেন।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে, মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসকদের পরিবার তাঁদের কর্মস্থলে রাখার সদয় নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক সূত্রোল্লিখিত স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

০৪। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, স্বামী-স্ত্রীকে যথাসম্ভব একই কিংবা নিকটবর্তী কর্মস্থলে পদায়ন সরকারি চাকরির ক্ষেত্রে একটি প্রতিষ্ঠিত রীতি। তা সত্ত্বেও লক্ষ্য করা গেছে যে, বিষয়টি সকল ক্ষেত্রে যথাযথ গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয় না।

০৫। এমতাবস্থায়, কোন কর্মকর্তা/কর্মচারী, বিশেষত জেলা প্রশাসকের স্ত্রী/স্বামী সরকারি চাকরিজীবী হলে তাঁদের আবেদনের পরিপ্রেক্ষিতে স্ত্রী/স্বামীকে একই কিংবা নিকটবর্তী কর্মস্থলে পদায়ন/বদলির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

পরিচালক (প্রশাসন) এর শাখা	
উপ পরিচালক (প্রশাসন)	
সহকারী পরিচালক (প্রশাসন)	
সহকারী পরিচালক (বোর্ড)	
সহকারী পরিচালক (অপারেশন ও প্রশাসন)	
সহকারী পরিচালক (বোর্ড)	

যুঃ সঃ (প্রঃ) এর দপ্তর স্বরাষ্ট্র মন্ত্রণালয়
যুঃ সঃ (প্রঃ)/ (প্রঃ-৩) / (প্রঃ-৪)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা

০৩/৩/২০১৬
(হাবিবুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৭৬৪৮৮

নং-৪৪.০০.০০০০.০১৯.১৯.০১০.১৪-৪৯০

তারিখঃ ১৬ /০৩/২০১৬

উপরে বর্ণিত স্মারকের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(হাবিব মোঃ হালিমুজ্জামান)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫২৯
mha.bd.ad1@gmail.com

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মহা- পরিচালক ..... দপ্তর/অধিদপ্তর/সংস্থা প্রধান(সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা। ..... অতিরিক্ত সচিব(সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। ..... যুগ্মসচিব(সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। ..... উপসচিব/উপপ্রধান(সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। ..... সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান(সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। ..... সহকারী সচিব/সহকারী প্রধান(সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

Z:\E Folder\ENDORSE-A2.doc